


# কালের বর্ধ

আপডেট : ২৭ মে, ২০১৮ ২৩:৪১

এবারও জেসসিতে এমসিকিউ থাকছে

বিষয় ও নম্বর কমানোর বিষয়ে সিদ্ধান্ত ৩১ মে

 এবারও জেএসসিতে এমসিকিউ থাকছে

এবারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় এমসিকিউ (মাল্টিপল চয়েজ কোয়েশ্চন) থাকছে। এ ছাড়া বিষয় ও নম্বর কমানোর বিষয়েও জাতীয় কারিকুলাম সমন্বয় কমিটির (এনসিসিসি) সভায় সবাই একমত হয়েছে। তবে একটি বিষয়ে নম্বর কমালে কারিকুলামও কমাতে হবে এবং নম্বর বণ্টন কিভাবে হবে সে বিষয়ে সিদ্ধান্ত নিতে আগামী ৩১ মে আবারও এনসিসিসির সভা ডাকা হয়েছে। সেখানেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

গতকাল রবিবার শিক্ষা মন্ত্রণালয়ে এনসিসিসির সভা অনুষ্ঠিত হয়। এতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে সব বোর্ড চেয়ারম্যানসহ শিক্ষাসংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানরা উপস্থিত ছিলেন।

সভা শেষে সোহরাব হোসাইন সাংবাদিকদের বলেন, ‘শিক্ষার্থীরা সারা বছর পড়ালেখা করে কী বুঝেছে তা পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা হয়ে থাকে। সেখানে এমসিকিউ প্রশ্নের মাধ্যমে তা মূল্যায়ন করা সম্ভব হয় না। তার ওপর এমসিকিউ নিয়ে নতুন বিতর্ক সৃষ্টি হয়েছে। সব কিছু আমলে নিয়ে আমরা এমসিকিউ পরীক্ষা নিয়ে নতুনভাবে ভাবছি। তবে পুরনো পদ্ধতিতে চলতি বছরের পরীক্ষা আয়োজন করা হবে।’

সচিব বলেন, ‘নতুনভাবে শিক্ষার্থীদের ওপর কিছু চাপিয়ে দেওয়া হবে না। বরং কারিকুলাম সংশোধন করে শিক্ষার্থীদের ওপর চাপ কমিয়ে আনা হবে। সিলেবাস কিছু কমিয়ে আনা হবে। জেএসসি-জেডিসি পরীক্ষায় বাংলা এবং ইংরেজি বিষয়ে ১০০ নম্বর কমানো হবে। তবে বিষয়টি আগামী ৩১ মে এনসিসিসির সভায় সিদ্ধান্ত নেওয়া হবে।’ উদাহরণ হিসেবে তিনি বলেন, ‘আগে ১৫০ নম্বরের জন্য ১৫টা প্রশ্ন পড়তে হতো, এখন তাহলে ১০০ নম্বরের জন্য ১০টি প্রশ্ন পড়তে হবে।’

এদিকে আগে থেকেই শিক্ষা মন্ত্রণালয় থেকে জেএসসি ও জেডিসি পরীক্ষায় বড় ধরনের পরিবর্তনের কথা বলায় শিক্ষার্থী-অভিভাবকরা উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে দিন পার করছেন। কী পরিবর্তন হবে তা নিয়ে দুশ্চিন্তায় রয়েছেন তাঁরা। পরীক্ষার মাত্র পাঁচ মাস বাকি থাকার পরও এখনো শিক্ষার্থীরা প্রশ্ন বণ্টন জানতে না পারায় অনেকের মধ্যেই নানা ধরনের শঙ্কাও কাজ করছে। তবে গতকাল জেএসসি-জেডিসির নম্বর বণ্টন চূড়ান্ত না হওয়ায় শিক্ষার্থীদের অপেক্ষার প্রহর আরো বাড়ল।

জানা যায়, আস্ত শিক্ষা বোর্ড জেএসসি ও জেডিসি পরীক্ষায় সাতটি বিষয়ে মোট ৬৫০ নম্বরের পরীক্ষা নেওয়ার প্রস্তাব করেছে। বর্তমানে চতুর্থ বিষয়সহ ১০টি বিষয়ে মোট ৮৫০ নম্বরের পরীক্ষা হয়। নতুন প্রস্তাব অনুযায়ী, জেএসসিতে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র মিলে ১০০ নম্বরের একটি পরীক্ষা হবে। ইংরেজিতেও দুই পত্র মিলে ১০০ নম্বরের পরীক্ষা হবে। গণিত, ধর্ম, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় প্রতি বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষা হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পরীক্ষা আগের মতোই ৫০ নম্বরের হবে। তবে চতুর্থ বিষয়ের কৃষিবিজ্ঞান বা গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের ১০০ নম্বরের পরীক্ষা কমানো হবে। বিষয়টি শিক্ষাপ্রতিষ্ঠানেই ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হবে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com